‘‘আমি তোমাদের উপর যার আশঙ্কা করছি তা হল এই যে, তোমাদের উপর দুনিয়ার শোভা ও সৌন্দর্য (এর দরজা) খুলে দেওয়া হবে।’’

আবূ সাইদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম মিম্বরে বসলেন এবং আমরা তাঁর আশেপাশে বসলাম। অতঃপর তিনি বললেন, ‘‘আমি তোমাদের উপর যার আশঙ্কা করছি তা হল এই যে, তোমাদের উপর দুনিয়ার শোভা ও সৌন্দর্য
(এর দরজা) খুলে দেওয়া হবে।’’
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসের অর্থ: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশঙ্কা করেছেন যে, তার মৃত্যুর পর উম্মতের জন্য দুনিয়ার চাক্য-চিক্য ও সাজ-সজ্জা উন্মুক্ত করে দেওয়া হবে। তার উম্মতের উপর পূর্ণ দয়া ও রহমতের বর্হিপ্রকাশ হিসাবে তাদের জন্য দুনিয়ার চাকচিক্য ও সাজ-সজ্জা উন্মুক্ত করে দেওয়ার আশঙ্কা ব্যক্ত করেছেন। ফলে তারা হিদায়েত, সফলতা ও মুক্তির পথ থেকে বিচ্যুত হবে। এভাবেই তাদেরকে মৃত্যু একদিন ঘ্রাস করবে। এরপর অযুহতা পেশ করার কোনো সুযোগ থাকবে না।

https://sunnah.global/hadeeth/bn/show/4180